



১৯ বছর পর অবশেষে ধরা পলাতক সাজাপ্রাপ্ত আসামি



সংগৃহীত ছবি

গাজীপুরে ১৯ বছর ধরে পলাতক থাকা সাজাপ্রাপ্ত এক আসামিকে গ্রেপ্তার করেছে এন্টি টেররিজম ইউনিট (এটিইউ)। শনিবার (২৯ নভেম্বর) জিএমপি'র কাশিমপুর থানার সারদাগঞ্জ সুলতান মার্কেট এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। রংপুর বিভাগীয় কার্যালয়ের একটি অভিযানিক দল এ অভিযান পরিচালনা করে।

গ্রেপ্তার হওয়া ব্যক্তির নাম রব্বানী (৪৫)। তার বিরুদ্ধে পেনাল কোডের ৩৭৯ ধারায় চুরির অভিযোগে ৩ বছরের সশ্রম কারাদণ্ড, পাশাপাশি রেলওয়ে আইনের ১২৬ ধারায় দায়ের করা মামলায় ১০ বছরের সশ্রম কারাদণ্ড ও অর্ধদণ্ডের রায় ছিল। অর্ধদণ্ড পরিশোধে ব্যর্থ হলে অতিরিক্ত ৬ মাসের সশ্রম কারাদণ্ডও নির্ধারিত ছিল। এসব মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি হওয়ার পর থেকে তিনি দীর্ঘদিন ধরে দেশের বিভিন্ন এলাকায় আত্মগোপনে ছিলেন।

গ্রেপ্তারের পর রব্বানীকে আইনি প্রক্রিয়ার অংশ হিসেবে জিএমপি'র কাশিমপুর থানায় হস্তান্তর করা হয়েছে।